# তৃতীয় অধ্যায়: সমাজকর্মের মূল্যবোধ ও নীতিমালা

## ★★ পেশার ধারণা, পেশা ও বৃত্তির সম্পর্ক

১. 'সাধারণত পেশাজীবীদের উচ্চ বেতন, উচ্চ সামাজিক মর্যাদা এবং কাজ করার স্বাধীনতা থাকে' — উক্তিটি কে করেছেন? [জ্ঞান]
ক আর্নেস্ট গ্রিনউড খ জন সি কিডনে
গ গর্ডন মার্শাল ঘ জি মিলারসন **ঘ**

২. পেশা কোন শব্দ থেকে উদ্ভূত? [জ্ঞান]
ক জার্মান খ ফারসি
গ ইতালীয় ঘ আরবি **খ**

৩. নৈতিকতা এবং ব্যবহারিক জ্ঞানভিত্তিক জীবিকা নির্বাহের পন্থাকে কী বলা হয়? [জ্ঞান]
ক দল খ পেশা গ কর্ম ঘ জ্ঞান **খ**

৪. চিকিৎসকের চিকিৎসা একটি পেশা কেন? /নেত্রকোণা সরকারি মহিলা কলেজ, নেত্রকোণা/
ক এতে প্রচুর ইনকাম করা যায় বলে
খ এতে ভালো সম্মান পাওয়া যায় বলে
গ এতে তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান আছে বলে
ঘ যে কেউ এই কাজ করতে পারে না বলে **গ**

৫. মানুষ তার জীবনধারণের জন্য যে সকল অর্থনৈতিক কর্মকাণ্ডে লিপ্ত থাকে, তাকে কী বলে? [জ্ঞান]
ক বৃত্তি খ পেশা গ চাকরি ঘ ব্যবসা **ক**

৬. পেশার মূল দিক কোনটি? [উচ্চতর দক্ষতা]
ক জীবনধারণের জন্য অর্থনৈতিক কর্মকাণ্ড
খ বুদ্ধিবৃত্তিক প্রশিক্ষণের মাধ্যমে জীবিকা অর্জন
গ ব্যবহারিক জ্ঞানের বাস্তব সমন্বয়
ঘ বিশেষ জ্ঞানার্জন **খ**

৭. পেশা ও বৃত্তির মধ্যে কোন বিষয়টির মিল রয়েছে? [জ্ঞান]
ক পেশা ও বৃত্তি উভয়েই জীবিকার্জনের পন্থা
খ নীতি ও মূল্যবোধ আশ্রিত
গ বিশেষ জ্ঞান ও দক্ষতা নির্ভর
ঘ মানদণ্ড ও আইন কানুন রয়েছে **ক**

৮. কত সালে গ্রিনউড পেশার বৈশিষ্ট্য নির্ধারণ করেন? /সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সিগঞ্জ/
ক ১৯৫০ খ ১৯৫৭ গ ১৯৫৯ ঘ ১৯৬০ **খ**

৯. 'বস্তুতপক্ষে সমাজকর্ম একটি ব্যাপক দৃষ্টিভঙ্গিসম্পন্ন পেশা; যা মানবজীবনের প্রায় প্রতিটি দিক এবং উপাদান নিয়ে ব্যাপৃত'— উক্তিটি কার? [জ্ঞান]
ক আরমান্ডো মরেলস ও বি ডব্লিউ শেফারের
খ ফ্রান্সিস-ই-মেরিল ও আরটি শেফারের
গ মিল্টন রকইচ ও ডার্থ লির
ঘ পিনকাস ও মিনাহামের **ক**

১০. কোনো বৃত্তিকে পেশা বলা যাবে যখন উক্ত বৃত্তির কাজটি— [অনুধাবন]
i. প্রযুক্তিসম্পন্ন হবে
ii. সচেতনতামূলক হবে
iii. পেশাগত নীতি ও মূল্যবোধ অনুসরণ করে চলবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **গ**

১১. যেকোনো পেশাকে পরিপূর্ণ পেশার মর্যাদা অর্জন করতে হলে— [অনুধাবন]
i. রাষ্ট্রের স্বীকৃতি অর্জন জরুরি
ii. সেবামূলক মানসিকতা আবশ্যক
iii. সুশৃঙ্খল জ্ঞানভান্ডারের প্রয়োজনীয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

১২. আধুনিক শিল্পবিপ্লবোত্তর সময়ে প্রতিটি পেশায় যুক্ত হয়েছে সংশ্লিষ্ট বিষয়ের— [অনুধাবন]
i. জ্ঞান ও দক্ষতা
ii. মূল্যবোধ ও নৈতিকতা
iii. অভিজ্ঞতা ও সামাজিক স্বীকৃতি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

১৩. মূল্যবোধ ও নৈতিক মানদণ্ড পেশাদার কর্মীদের নিয়ন্ত্রণ করে— [অনুধাবন]
i. আচার-আচরণ
ii. দায়িত্ব iii. কার্যাবলি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

## ★★ সমাজকর্ম পেশার বৈশিষ্ট্য ও গুরুত্ব

১৪. কোন ধরনের পরিবর্তন সমাজজীবনে নানা ধরনের বিশৃঙ্খলা ও অসামঞ্জস্য সৃষ্টি করে? [জ্ঞান]
ক অর্থনৈতিক পরিবর্তন খ প্রযুক্তিগত পরিবর্তন
গ বৈপ্লবিক পরিবর্তন
ঘ অপরিকল্পিত পরিবর্তন **ঘ**

১৫. স্থানীয় একটি এনজিও রূপসা এলাকার প্রায় অর্ধ শতাধিক বেকার যুবকদের আত্মনির্ভরশীল করার উদ্যোগ নিয়েছে। এখানে কোন পেশার ইঙ্গিত রয়েছে? [প্রয়োগ]
ক সমাজকর্ম খ আইন
গ সাংবাদিকতা ঘ শিক্ষকতা **ক**

১৬. কোন সমাজে সমাজকর্ম একটি সাহায্যকারী পেশা হিসেবে স্বীকৃত? [জ্ঞান]
ক আধুনিক সমাজে খ পাশ্চাত্যের উন্নত সমাজে
গ আদিম সমাজে ঘ অনুন্নত সমাজে **খ**

১৭. ওয়ার্নার ডব্লিউ বোয়েম কত সালে সমাজকর্মকে পূর্ণ পেশা হিসেবে স্বীকৃতি দেন? [জ্ঞান]
ক ১৯৫৯ সালে খ ১৯৬৩ সালে
গ ১৯৬১ সালে ঘ ১৯৬৭ সালে **ক**

১৮. সমাজকর্ম পেশা হিসেবে স্বীকৃতি লাভ করে কখন? /সরকারি বঙ্গবন্ধু কলেজ, রূপসা, খুলনা/
ক ১৯১৬ সালে খ ১৯১৮ সালে
গ ১৯৪০ সালে ঘ ১৯৬০ সালে **গ**

http://teachingbd.com

১৯. সমাজকর্ম সমাজে কাদের জন্য একটি বহুমুখী দৃষ্টিভঙ্গিসম্পন্ন মানবিক পেশা হিসেবে স্বীকৃত? [জ্ঞান]
ক সুবিধা বঞ্চিত জনগণের
খ সাধারণ জনগণের
গ পেশাজীবীদের ঘ রাজনৈতিক নেতাদের ক

২০. সমাজকর্মের মূল প্রতিপাদ্য বিষয় কী? [জ্ঞান]
ক মানুষের অর্থনৈতিক ভূমিকা চিহ্নিতকরণ
খ মানুষের সামাজিক ভূমিকা পুনরুদ্ধার
গ শারীরিক সক্ষমতা অর্জনে সহায়তা
ঘ ধর্মীয় ভূমিকা পালনের সহায়তা খ

২১. সমাজকর্ম একটি সুখী ও সুন্দর সমাজব্যবস্থা গড়ে তোলার প্রচেষ্টা চালায় সমস্যার — [অনুধাবন]
i. স্থায়ী সমাধানের মাধ্যমে
ii. সাময়িক সমাধানের মাধ্যমে
iii. বাস্তবধর্মী সমাধানের মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii খ

২২. পেশাদার সমাজকর্মী বিশেষ ভূমিকা পালন করে— [অনুধাবন]
i. অবহেলিত, বঞ্চিত ও শোষিত শ্রেণির অধিকার রক্ষায়
ii. সমাজে মানবাধিকার প্রতিষ্ঠা ও সংরক্ষণে
iii. সামাজিক শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠা ও উন্নয়নে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii ক

২৩. সমাজকর্ম সাহায্যার্থীকে সরাসরিভাবে— [অনুধাবন]
i. আত্মকেন্দ্রিক করে গড়ে তোলে
ii. স্বাবলম্বী করে গড়ে তোলে
iii. আত্মনির্ভরশীল করে গড়ে তোলে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii খ

## ★ মূল্যবোধের ধারণা, মূল্যবোধের ধরন

২৪. কোনটি বিচারবোধ হিসাবে ব্যক্তিগত বা দলগত কল্যাণে প্রযোজ্য হয়? [জ্ঞান]
ক বিশ্বাস খ দর্শন
গ মূল্যবোধ ঘ ধর্ম গ

২৫. ব্যক্তি ও সমাজকে সুশৃঙ্খলভাবে নিয়ন্ত্রণের একটি অপরিহার্য উপাদান হিসেবে বিবেচিত কোনটি? [ফেনী সরকারি কলেজ]
ক পেশা খ বৃত্তি
গ মূল্যবোধ ঘ পারিশ্রমিক গ

২৬. সামাজিক মূল্যবোধ কোন ক্ষেত্রে ইতিবাচক প্রভাব বিস্তার করে? [অনুধাবন]
ক মানুষের আচার-আচরণের ক্ষেত্রে
খ ধর্মীয় উন্মাদনার ক্ষেত্রে
গ রাজনৈতিক সহিংসতার ক্ষেত্রে
ঘ অর্থনৈতিক বঞ্চনার ক্ষেত্রে ঘ

২৭. চরম মূল্যবোধ হলো — [সামসুল হক খান স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক ভোটাধিকার খ বাকস্বাধীনতা
গ বৈষম্যহীনতা ঘ গণতান্ত্রিক অধিকার ঘ

২৮. যার ভিত্তিতে মানুষের আচার-আচরণের ভালো-মন্দ বিচার করা হয়, তাকে কী বলে? [মেহেরপুর সরকারি মহিলা কলেজ]
ক মূল্যবোধ খ আদর্শ
গ রীতি-নীতি ঘ নৈতিকতা ক

২৯. কীসের ভিত্তিতে ব্যক্তি পৃথিবীর অন্য সবকিছুর থেকে নিজের ব্যক্তিসত্তাকে অধিক প্রাধান্য দেয়? [অনুধাবন]
ক ব্যক্তিস্বাতন্ত্র্য মূল্যবোধের
খ পেশাগত মূল্যবোধের
গ আধ্যাত্মিক মূল্যবোধের
ঘ ধর্মীয় মূল্যবোধের ক

৩০. কোন মূল্যবোধ যুগল বিপরীতমুখী? [উচ্চতর দক্ষতা]
ক ব্যক্তিস্বাতন্ত্র্য ও পারিবারিক মূল্যবোধ
খ পারিবারিক ও পেশাগত মূল্যবোধ
গ পেশাগত ও জাতীয় মূল্যবোধ
ঘ জাতীয় ও আধ্যাত্মিক মূল্যবোধ ক

৩১. কোনো রাষ্ট্র উন্নত ও শক্তিশালী হতে হলে তার নাগরিকদের কোন মূল্যবোধ ধারণ করা উচিত? [জ্ঞান]
ক আধ্যাত্মিক মূল্যবোধ খ নৈতিক মূল্যবোধ
গ তাত্ত্বিক মূল্যবোধ ঘ জাতীয় মূল্যবোধ ঘ

৩২. যখন সমাজ কর্তৃক প্রতিটি মানুষ ভালবাসা ও সম্মান প্রাপ্ত হয় তখন আইন বা বিধানের তুলনায় কোন মূল্যবোধ শক্তিশালী ভূমিকায় অবতীর্ণ হয়? [উচ্চতর দক্ষতা]
ক আধ্যাত্মিক খ পারিবারিক
গ নৈতিক ঘ পেশাগত গ

৩৩. মূল্যবোধের ওপর ভিত্তি করে ব্যক্তির যেসব কর্মকাণ্ড পরিচালিত হয় তা হলো— [অনুধাবন]
i. দৃষ্টিভঙ্গির বিকাশ সাধন
ii. নিজের আচার-আচরণ ও কার্যপ্রণালি নিয়ন্ত্রণ
iii. অপরের ভালো-মন্দের দিক নির্দেশনা প্রদান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii ক

৩৪. সামাজিক মূল্যবোধের উৎকৃষ্ট উদাহরণ— [অনুধাবন]
i. সততা, সহনশীলতা ও শ্রদ্ধাবোধ
ii. বিশ্বস্ততা, আনুগত্য ও দায়িত্ববোধ
iii. কার্যবোধ, মানবসেবা ও পরোপকার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii ঘ

৩৫. সমাজকর্মে কর্মসম্পাদনের উপায় হিসেবে মূল্যবোধের উদাহরণ হলো— [অনুধাবন]
i. সেবাগ্রহীতার গোপনীয়তা রক্ষার প্রতি সম্মান
ii. মানব মর্যাদার প্রতি সম্মান
iii. সম্মতি বা মতামত প্রদানের অধিকারের প্রতি সম্মান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii গ

http://teachingbd.com

৩৬. মূল্যবোধ ব্যবস্থা বলতে বোঝায়— [অনুধাবন]
i. ব্যক্তির তুলনামূলক পছন্দের ভিত্তিকে
ii. ভালো-মন্দ বিচারবোধের ভিত্তিকে
iii. সঠিক-ভুল সম্পর্কিত ভিত্তিকে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓑ ii ও iii ⓖ i ও iii ⓓ i, ii ও iii **ঘ**

৩৭. সামাজিক মূল্যবোধের উৎকৃষ্ট উদাহরণ— *[ফেনী সরকারি কলেজ]*
i. সততা, সহনশীলতা, শ্রদ্ধাবোধ
ii. বিশ্বস্ততা, আনুগত্য, দায়িত্ববোধ
iii. কার্যবোধ, মানবসেবা, পরোপকার
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii **ঘ**

৩৮. জাতীয় মূল্যবোধ প্রতিফলিত করে দেশের— [অনুধাবন]
i. ইতিহাসকে
ii. ঐতিহ্যকে
iii. অভিজ্ঞতাকে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓑ ii ও iii ⓖ i ও iii ⓓ i, ii ও iii **ঘ**

**নিচের ছকটি পড় এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও:**

| 'ক' বিষয়ের বৈশিষ্ট্য | |
|---|---|
| ১. | একটি বিমূর্ত ধারণা |
| ২. | একটি আদর্শ মানদণ্ড যার সাহায্যে মানুষের আচরণের ভালো-মন্দ বিচার করা হয় |

৩৯. ছকের 'ক' বিষয়টি দ্বারা নিচের কোনটিকে বোঝানো হচ্ছে? [প্রয়োগ]
ⓚ প্রথা ⓑ মূল্যবোধ
ⓖ লোকাচার ⓓ সংস্কৃতি **খ**

৪০. এ বিষয়টির ক্ষেত্রে প্রযোজ্য তথ্য হলো— [উচ্চতর দক্ষতা]
i. এটি শুধুমাত্র উন্নত সমাজে বিদ্যমান
ii. এটি বিভিন্ন প্রয়োজনে বিভিন্নভাবে ব্যবহৃত হয়
iii. প্রতিটি পেশাতেই এর উপস্থিতি বিদ্যমান
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓑ ii ও iii ⓖ i ও iii ⓓ i, ii ও iii **খ**

## ★ সমাজকর্ম মূল্যবোধের ধারণা, সমাজকর্ম পেশার মূল্যবোধ

৪১. নিচের কোনটি মানুষের লক্ষ্য অর্জনে সহায়তা করে? [অনুধাবন]
ⓚ ব্যক্তির পরিবর্তন সাধন ক্ষমতায় গুরুত্ব প্রদান
ⓑ সেবাগ্রহীতার আত্মনিয়ন্ত্রণ
ⓖ ব্যক্তির মূল্য ও মর্যাদার স্বীকৃতি
ⓓ গোপনীয়তা রক্ষার নীতি **গ**

৪২. সমাজে মানুষের আচরণের মানদণ্ড হিসেবে কাজ করে কোনটি? [জ্ঞান]
ⓚ সামাজিক মূল্যবোধ ⓑ রাজনৈতিক মূল্যবোধ
ⓖ ধর্মীয় মূল্যবোধ ⓓ সাংস্কৃতিক মূল্যবোধ **ক**

৪৩. সমাজকর্ম মূল্যবোধ বলতে বোঝায়— [জ্ঞান]
ⓚ সামাজিক মূল্যবোধের সমষ্টি
ⓑ সাধারণ লক্ষ্যার্জনের হাতিয়ার
ⓖ মানবতার চিরায়ত রূপ
ⓓ সমস্যা সমাধান প্রক্রিয়ার উপাদান **ঘ**

৪৪. কোনটি মানবিক মূল্যবোধের উৎকর্ষ সাধনে সহায়ক হিসেবে কাজ করে? [জ্ঞান]
ⓚ ব্যক্তি স্বাধীনতা ⓑ সামাজিক দায়িত্ববোধ
ⓖ শ্রমের মর্যাদা ⓓ ব্যক্তির মর্যাদা ও স্বীকৃতি **ঘ**

৪৫. আমেরিকার জাতীয় সমাজকর্ম সমিতি সমাজকর্মের কতিপয় মূল্যবোধ উল্লেখ করেছে- এর মধ্যে প্রথম কোনটি? *[শামসুল হক খান স্কুল এন্ড কলেজ, ডেমরা, ঢাকা]*
ⓚ ব্যক্তির মূল্য ও মর্যাদা
ⓑ মানুষের প্রতি সম্মান প্রদর্শন
ⓖ পরিবর্তনের জন্য ব্যক্তির সামর্থ্যের মূল্যায়ন
ⓓ সেবা গ্রহণকারীর আত্মনিয়ন্ত্রণ অধিকার **ক**

৪৬. কোন মূলমন্ত্র গণতান্ত্রিক সমাজব্যবস্থায় সকলের জন্যে সমান সুযোগ প্রদানের মূল্যবোধ প্রতিষ্ঠায় সহায়তা করেছে? [জ্ঞান]
ⓚ আইনের চোখে সবাই সমান
ⓑ মানুষে মানুষে ভাই ভাই
ⓖ মানুষে মানুষে কোনো ভেদাভেদ নেই
ⓓ মানুষ নিজেই নিজের ভাগ্যনিয়ন্ত্রক **গ**

৪৭. পেশাদার সমাজকর্মীরা ব্যক্তি, দল ও সমষ্টির সাথে কাজ করার সময় কেন অত্যন্ত সতর্কতা অবলম্বন করে থাকে? [অনুধাবন]
ⓚ সমাজকর্মীরা ব্যক্তিত্বপরায়ণ বলে
ⓑ সাহায্যপ্রার্থীরা নিচু শ্রেণির মানুষ বলে
ⓖ সমাজকর্মীর ওপর যেন তারা নির্ভরশীল হয়ে না পড়ে
ⓓ সমাজকর্মীদের পেশাগত সুযোগ-সুবিধা বৃদ্ধির জন্যে **গ**

৪৮. ব্যক্তিগত স্বকীয়তা এবং যোগ্যতা প্রমাণের সুযোগ সৃষ্টি করে দেয়— [অনুধাবন]
ⓚ আত্মনিয়ন্ত্রণের অধিকার
ⓑ সকলের জন্য সমান সুযোগ
ⓖ সম্পদের সদ্ব্যবহার ⓓ স্বনির্ভরতা অর্জন **ক**

৪৯. 'নিশ্চয় আল্লাহ কোনো জাতির ভাগ্য পরিবর্তন করেন না, যতক্ষণ না সে জাতি নিজেরা তাদের ভাগ্য পরিবর্তনের চেষ্টা করে'— ইসলামের এই বাণীর মধ্যে সমাজকল্যাণের কোন দার্শনিক মূল্যবোধের প্রতিফলন ঘটেছে? *[সরকারি বরহামগঞ্জ কলেজ, শিবচর, মাদারীপুর]*
ⓚ সকলের সমান সুযোগ দান
ⓑ আত্মনিয়ন্ত্রণ অধিকার
ⓖ সামগ্রিক দৃষ্টিভঙ্গি ⓓ পারস্পরিক সাহায্য **খ**

teachingbd.com

৫০. আত্মনিয়ন্ত্রণ অধিকার বলতে কী বোঝায়? [গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ]
ক সাহায্যার্থীর বিষয়ে সমাজকর্মীর সিদ্ধান্ত গ্রহণের অধিকার
খ সাহায্যার্থীর সমস্যা বিশ্লেষণের অধিকার
গ সাহায্যার্থীর সমস্যা সমাধানে সমাজকর্মীর অধিকার
ঘ সমস্যা সমাধানে সাহায্যার্থীর নিজস্ব সিদ্ধান্ত গ্রহণের অধিকার ঘ

৫১. কোন মূল্যবোধের যথাযথ অনুসরণের ফলে মানুষের মধ্যে আত্মনির্ভরশীল মানসিকতা সৃষ্টি হয়? [জ্ঞান]
ক আত্মনিয়ন্ত্রণ অধিকার খ স্বনির্ভরতা অর্জন
গ সকলের সমান সুযোগ দান
ঘ শ্রমের মর্যাদা প্রতিষ্ঠা খ

৫২. সমাজে একজনের যা কর্তব্য ও দায়িত্ব অন্যজনের তা কী হিসেবে পরিগণিত হবে? [জ্ঞান]
ক অধিকার খ মূল্যবোধ
গ নৈতিকতা ঘ আইন ক

৫৩. সমাজে প্রাপ্ত বস্তুগত এবং অবস্তুগত সম্পদের সম্ভাব্য সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে সমাজের কল্যাণ আনয়নকে কী বলে? [জ্ঞান]
ক স্বনির্ভরতা খ গণতান্ত্রিক অধিকার
গ সম্পদের সদ্ব্যবহার ঘ সামাজিক দায়িত্ববোধ গ

৫৪. সমাজে সহযোগিতামূলক এবং সমবায়িক মনোভাব সৃষ্টির নিয়ামক কোনটি? [জ্ঞান]
ক শ্রমের মর্যাদা খ সামাজিক দায়িত্ববোধ
গ ব্যক্তি স্বাধীনতা
ঘ পারস্পরিক শ্রদ্ধাবোধ ও সহনশীলতা ঘ

৫৫. 'আমি মানুষ হিসেবে মানুষের কাছে আবেদন জানাচ্ছি, তোমাদের মনুষ্যত্বের কথা মনে রেখো, বাকি সব ভুলে যাও।'—উক্তিটি কার? [জ্ঞান]
ক চণ্ডীদাসের খ নেপোলিয়নের
গ আলবার্ট আইনস্টাইনের
ঘ আরলিয়েন জনশোর গ

৫৬. ব্যক্তির পছন্দ, চাহিদা, সামর্থ্য এবং ক্ষমতা অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ এবং সে অনুযায়ী নিজেকে গড়ে তোলার ক্ষেত্রে কোনটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে? [জ্ঞান]
ক ব্যক্তির মূল্য ও মর্যাদার স্বীকৃতি
খ সম্পদের সদ্ব্যবহার
গ আত্মনিয়ন্ত্রণ ঘ ব্যক্তিস্বাধীনতা গ

৫৭. অস্ট্রেলিয়ার মেলবোর্ন ও অ্যাডিলেডে কত বছর মেয়াদি স্নাতকপূর্ব ডিপ্লোমা কোর্স চালু করা হয়? [জ্ঞান]
ক এক বছর খ দুই বছর
গ তিন বছর ঘ চার বছর খ

৫৮. সমাজকর্মের কোন মূল্যবোধটি সমাজের সর্বস্তরের জনগণের অধিকারকে নিশ্চিত করতে এবং সমাজকে বৈষম্য ও ভেদাভেদ মুক্ত রাখতে অগ্রণী ভূমিকা পালন করে? [জ্ঞান]
ক ব্যক্তির মূল্য ও মর্যাদার স্বীকৃতি
খ সকলের জন্য সমান সুযোগ
গ সম্পদের সদ্ব্যবহার
ঘ সামাজিক দায়িত্ববোধ খ

৫৯. সমাজকর্মে আত্মনিয়ন্ত্রণ অধিকার মূল্যবোধটি বাস্তব অবস্থার প্রেক্ষাপটে নির্ধারণ করা হয়— [অনুধাবন]
i. অপরাধ সংশোধন কার্যক্রমে
ii. কিশোর অপরাধ সংশোধন কার্যক্রমে
iii. মানসিক বিকারগ্রস্তদের সাহায্য-সহযোগিতামূলক কার্যক্রমে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii গ

৬০. গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থায় যেসব বিষয়গুলো নাগরিকের অধিকার হিসেবে স্বীকৃত — [অনুধাবন]
i. সুস্থ জীবন, ব্যক্তিস্বাধীনতা ও ব্যক্তিগত নিরাপত্তা
ii. অযৌক্তিক গ্রেফতার, শাস্তি অথবা বহিষ্কার হতে স্বাধীনতা
iii. চিন্তা, বিবেক ও ধর্মের স্বাধীনতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii ঘ

৬১. আমেরিকার জাতীয় সমাজকর্মী সমিতি (NASW) প্রণীত মূল্যবোধের মধ্যে রয়েছে— [অনুধাবন]
i. ব্যক্তির মূল্য ও মর্যাদার স্বীকৃতি
ii. সুবিধাভোগীর ক্ষমতায়ন
iii. মানববৈচিত্র্যের প্রতি সম্মান প্রদর্শন
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ i, ii ও iii ঘ ii ও iii গ

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৬২ ও ৬৩ নং প্রশ্নের উত্তর দাও:
হাবিবা এইচএসসি পরীক্ষার্থী। দ্বাদশ শ্রেণিতে উঠার পরপরই বাবা, মা তার বিয়ে দিয়ে দেন। নতুন সংসার ও পরীক্ষার পড়া সব মিলিয়ে সে মানসিক পীড়নের মধ্যে থাকে। টেস্ট পরীক্ষার আগের দিন তার স্বামী কলেজের সমাজকর্মের শিক্ষক মাহফুজ স্যারকে ফোন করে জানায় 'হাবিবা অস্বাভাবিক আচরণ করছে।' শিক্ষক বিষয়টি গুরুত্বের সাথে নেন এবং হাবিবার সাথে সরাসরি কথা বলে তাকে প্রয়োজনীয় দিকনির্দেশনা দেন। [সকল বোর্ড ২০১৬]

৬২. উদ্দীপকের সমাজকর্মের শিক্ষক কী ভূমিকা পালন করেছেন?
ক শিক্ষকের খ সমাজকর্মীর
গ অভিভাবকের ঘ আত্মীয়ের খ

৬৩. হাবিবার আচরণ স্বাভাবিক করতে শিক্ষক সমাজকর্মের কী মূল্যবোধ অনুসরণ করতে পারেন?
i. আত্মনিয়ন্ত্রণ অধিকার
ii. স্বনির্ভরতা অর্জন
iii. সামাজিক দায়িত্ববোধ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii ক

http://teachingbd.com

## ★★ সমাজকর্ম পেশার নীতিমালা, সমাজকর্ম পেশার মূল্যবোধ ও নীতিমালার গুরুত্ব

৬৪. ১৯৫৭ সালে জাতিসংঘ এবং অন্তর্জাতিক সমাজকর্মী ফেডারেশন এর সম্মিলিত তত্ত্বাবধানে সমাজকর্মের পেশাগত নীতিমালা নির্ধারণে বিশ্বের কয়টি দেশের বিশেষজ্ঞদের নিয়ে Study Group গঠন করা হয়? [জ্ঞান]

ক ছয়টি খ সাতটি গ আটটি ঘ নয়টি **ঘ**

৬৫. একজন সমাজকর্মীর কোনটিকে প্রথম ও প্রধান কর্তব্য হিসেবে গ্রহণ করতে হবে? [জ্ঞান]

ক সমাজকর্ম শিক্ষা ও গবেষণায় নিয়োজিত থাকাকে
খ সমাজকর্ম পেশার প্রতি দায়িত্ব পালনকে
গ সাহায্যপ্রার্থীদের স্বার্থের প্রতি প্রাধান্য দেওয়াকে
ঘ সহকর্মীদের প্রতি শ্রদ্ধা ও সৌজন্যতা প্রকাশ করাকে **খ**

৬৬. সমাজকর্মে মূল্যবোধ ও নীতিমালার যথাযথ অনুশীলনের ওপর কোন পেশার সফলতা নির্ভর করে? [জ্ঞান]

ক সমাজকর্ম খ শিক্ষকতা
গ চিকিৎসা ঘ ডাক্তারি **ক**

৬৭. সমাজকর্মী সকলকে সমান সুযোগ দান করেন, কারণ এর মাধ্যমে সমস্যাগ্রস্ত ব্যক্তির- [অনুধাবন]

ক অন্তর্নিহিত ক্ষমতার বিকাশ ঘটে
খ স্বাস্থ্য ও জীবনমান নিয়ন্ত্রিত হয়
গ যেকোনো পরিবেশে খাপ খাইয়ে চলার ক্ষমতা লাভ করে
ঘ নিরপত্তা বিধান ও সামাজিক ভূমিকা পালনে সহায়ক হয় **ক**

৬৮. সমাজকর্মীরা তাদের সহকর্মীদের সাথে আচরণ প্রদর্শন করবে— [অনুধাবন]

i. শ্রদ্ধা বজায় রেখে
ii. সৌজন্য বজায় রেখে
iii. বিশ্বস্ততা বজায় রেখে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

৬৯. সমাজকর্মীর প্রাথমিক দায়িত্ব হিসেবে সাহায্যার্থীর— [অনুধাবন]

i. স্বার্থ সংরক্ষণ করা জরুরি
ii. অধিকার সংরক্ষণ করা উচিত
iii. বিশ্বস্ততা বজায় রাখতে হবে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ক**

## ★★ পেশার মানদণ্ডের আলোকে সমাজকর্ম

৭০. 'সমাজকর্ম পেশাগত অনুশীলনের একটি ধারাবাহিক, সুসংগঠিত এবং বৈজ্ঞানিক পদ্ধতি হিসেবে প্রতিষ্ঠা লাভের প্রচেষ্টা চালাচ্ছে।'— কথাটি কে বলেছেন? [জ্ঞান]

ক আর্নেস্ট গ্রিনউড
খ চার্লস এস লেভি
গ ওয়াল্টার এ ফ্রিডল্যান্ডার
ঘ রবিন উইলিয়ামস **গ**

৭১. ১৯১৮ সালে আমেরিকার কোন প্রতিষ্ঠানের 'সমাজকর্ম সমিতি' গঠনের মধ্য দিয়ে সমাজকর্মের প্রথম পেশাগত সংগঠনের সূত্রপাত হয়? [জ্ঞান]

ক বিশ্ববিদ্যালয় খ পোশাক শিল্প
গ জাহাজ নির্মাণ শিল্প ঘ হাসপাতাল **ঘ**

৭২. 'এ বিষয়ে আর কোনো সন্দেহ নেই যে, সমাজকর্ম পেশার সকল মানদণ্ডই পূরণ করেছে।' সমাজকর্মের পেশাগত বিষয় সম্পর্কিত এ মন্তব্য কার? [জ্ঞান]

ক চার্লস এস লেভি খ রবিন উইলিয়ামস
গ আর্নেস্ট গ্রিনউড ঘ ডব্লিউ এ ফ্রিডল্যান্ডার **ঘ**

৭৩. সমাজকর্ম পেশা হিসেবে স্বীকৃতি লাভ করেছে— [অনুধাবন]

i. পৃথিবীর সকল দেশে
ii. পৃথিবীর অনেক উন্নত দেশে
iii. কতিপয় উন্নয়নশীল দেশে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **গ**

৭৪. বর্তমান বিশ্বে সমাজকর্মকে একটি পেশা হিসেবে স্বীকৃতি দেওয়ার পেছনে যৌক্তিকতা— *[ন্যাশনাল আইডিয়াল কলেজ, ঢাকা]*

i. এটি একটি সাহায্যকারী পেশা
ii. সমাজকর্মীরা অধিক জ্ঞান সম্পন্ন ও দক্ষ হয়
iii. সমাজকর্মে পেশার সকল বৈশিষ্ট্য বিদ্যমান

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

নিচের উদ্দীপকটি পড় এবং ৭৫ ও ৭৬ নং প্রশ্নের উত্তর দাও:

রবিন বিশ্ববিদ্যালয় থেকে সমাজকর্ম ডিগ্রি নিয়ে নির্দিষ্ট পদ্ধতির মাধ্যমে এলাকার যুবকদের স্বাবলম্বী করার উদ্যোগ গ্রহণ করে। তার কাজে সমাজের সকলে সমর্থন দান করে।

৭৫. রবিনের কাজটিকে কী বলা হয়? [প্রয়োগ]

ক সমাজকর্ম পেশা খ অর্থনৈতিক কাজ
গ সামাজিক কর্তব্য ঘ নৈতিক কাজ **ক**

৭৬. তার কাজটি পেশার মর্যাদা লাভের কারণ— [উচ্চতর দক্ষতা]

i. সামাজিক স্বীকৃতি রয়েছে
ii. সুশৃঙ্খল জ্ঞান রয়েছে
iii. জনকল্যাণমুখিতা রয়েছে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

Teachingbd.com